দৈনিক ইত্তেফাক 76

তারিখ ... JUN 2 3 1999 ...
পৃঃ ৪ কলাম ৭ ...

## দ্রুত ফল প্রকাশের আবেদন

উত্তরবঙ্গের সর্বোচ্চ বিদ্যাপীঠ রাজশাহী বিশ্ববিদ্যালয়। এখানে নির্দিষ্ট বৎসরের পরীক্ষা চার বৎসর পর অনুষ্ঠিত হইত। অত্র বিশ্ববিদ্যালয় সেশন জটের জন্য ছিল বিখ্যাত। কিন্তু বর্তমানে অবস্থার পরিবর্তন ঘটিয়াছে। অনেক বিভাগে, সেশন জট দূর হইয়াছে। পদার্থবিজ্ঞান, ভূগোল, লোক প্রশাসন, ও আইন বিভাগ দ্রুত ফল প্রকাশের ক্ষেত্রে রেকর্ড সৃষ্টি করিয়াছে। কিন্তু সমাজকর্ম বিভাগে পুরাতন ঐতিহ্য এখনও বহাল রহিয়াছে। এই বিভাগের ফলাফল বাহির হইতে বৎসর পার হইয়া যায়। ছাত্রদের অনশন পালন করিতে হয়। এই বিভাগে '৯৫ সালের মাষ্টার্সের রেজাল্ট এখনও হয় নাই। '৯৬ সালের অনার্স পরীক্ষার ফল ৮ মাস পরে বাহির হইয়াছে। অথচ লোক প্রশাসন বিভাগ হইতে '৯৬ সালে মাষ্টার্স পাস করা ছাত্র বর্তমানে এই বিশ্ববিদ্যালয়েরই শিক্ষক। '৯৬ সালে ইসলামের ইতিহাসের অনার্স পরীক্ষা সমাজকর্মের সহিত হইয়াছে। উক্ত বিভাগের ফলাফল বাহির হইয়াছে, এমনকি '৯৭ সালের অনার্স পরীক্ষাও শেষ। প্রত্যেক বিভাগে ১ম ও ২য় বর্ষের নম্বরপত্র প্রদান করা হয় অথচ এই বিভাগে তাহা দেওয়া হয় না। এমতাবস্থায়, অত্র বিভাগে ফলাফল প্রকাশের ক্ষেত্রে অনিয়ম দূর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

-জনৈক অভিভাবক